

ক্যাম্পাস

বেরোবির ইইই বিভাগের শিক্ষার্থী মিথুনের কোরিয়ায় GKS বৃত্তি লাভ



প্রতিবেদক: বেরোবি প্রতিনিধি

প্রকাশের তারিখ: মঙ্গলবার, ০৮ সেপ্টেম্বর ২০২৬, ০৭:৩৪ PM



রংপুরের বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের (বেরোবি) ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং (ইইই) বিভাগের ১০ম ব্যাচের শিক্ষার্থী মিথুন চৌধুরী দক্ষিণ কোরিয়ার সুনচন ন্যাশনাল ইউনিভার্সিটিতে গ্লোবাল কোরিয়া স্কলারশিপ (GKS) অর্জন করেছেন। তিনি বিশ্ববিদ্যালয়টির অ্যাডভান্সড কম্পোনেন্টস অ্যান্ড ম্যাটেরিয়ালস ইঞ্জিনিয়ারিং বিভাগে গ্র্যাজুয়েট R&D প্রোগ্রামে অধ্যয়নের সুযোগ পেয়েছেন।

মাইক্রোসফট রিসার্চ (MSR) প্রজেক্ট প্রোভিন্যান্স (Project Provenance) হলো ডিজিটাল কনটেন্টের সত্যতা এবং ইতিহাস যাচাই করার একটি বিশেষ উদ্যোগ, যা মূলত এমএসআর ক্যামব্রিজ (MSR Cambridge) ল্যাবে পরিচালিত হচ্ছে। জেনারেটিভ এআই (Generative AI) বা কৃত্রিম বুদ্ধিমত্তার মাধ্যমে তৈরি ভুয়া বা পরিবর্তিত ছবি ও ভিডিওর ভিড়ে আসল ডিজিটাল কনটেন্ট চেনার উপায় তৈরি করাই এই প্রজেক্টের মূল লক্ষ্য।

গবেষণাভিত্তিক উচ্চশিক্ষার এ সুযোগকে নিজের একাডেমিক জীবনের গুরুত্বপূর্ণ অর্জন হিসেবে দেখছেন মিথুন। বিশ্ববিদ্যালয় জীবনে

গবেষণার প্রতি আগ্রহ তৈরিতে বিভাগের শিক্ষকদের সহযোগিতা ও দিকনির্দেশনার কথাও উল্লেখ করেন তিনি।

নিজের অনুভূতি জানিয়ে মিথুন চৌধুরী বলেন, আমার গবেষণার হাতেখড়ি আমার বিভাগের শিক্ষক প্রফেসর ড. মো. ফেরদৌস রহমান স্যারের হাত ধরে। তিনি বিভিন্ন বিষয়ে দিকনির্দেশনা দিয়ে আমাদের সহযোগিতা করেছেন। তাঁর কাছ থেকে পাওয়া পরামর্শ ও সহযোগিতা আমাদের গবেষণার প্রতি আগ্রহী হতে এবং সামনে এগিয়ে যেতে অনুপ্রাণিত করেছে।

বিশ্ববিদ্যালয় জীবনে গবেষণার প্রতি আগ্রহ এবং একাডেমিক কার্যক্রমের ধারাবাহিকতায় আন্তর্জাতিক পর্যায়ে উচ্চশিক্ষার এ সুযোগ পেয়েছেন মিথুন। দক্ষিণ কোরিয়ায় গ্র্যাজুয়েট R&D প্রোগ্রামে যুক্ত হয়ে নতুন প্রযুক্তি ও গবেষণাক্ষেত্রে কাজ করার পাশাপাশি অর্জিত জ্ঞান ভবিষ্যতে দেশের কাজে লাগানোর প্রত্যাশা ব্যক্ত করেছেন তিনি।

ইইই বিভাগের ১০ম ব্যাচের শিক্ষার্থী মিথুন চৌধুরীর এ অর্জনে বিভাগের শিক্ষক ও সহপাঠীদের মধ্যে আনন্দ বিরাজ করছে।

এ বিভাগের আরও খবর



আবরার ফাহাদকে স্মরণে ঢাবিতে শিবিরের ঐক্যচিহ্নের ক্যানভাস।
ঢাকা বিশ্ববিদ্যালয়ে শহিদ আবরার ফাহাদের শাহাদাতবার্ষিকী ও নিপীড়নবিরোধী দিবস উপলক্ষে ঐক্যচিহ্নের ক্যানভাস: নির্বাতনের ক্যানভাস। শীর্ষক চিত্র...



প্রধানমন্ত্রী স্বর্ণপদক পাচ্ছেন জাবির ১৬ শিক্ষার্থী
জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জাবি) ১৬ শিক্ষার্থী প্রধানমন্ত্রী স্বর্ণপদক-২০১৯, ২০২০ ও ২০২১-এর জন্য মনোনীত হয়েছেন। সোমবার (৫ অক্টোবর) বিশ্ববিদ্যালয়...



পদোন্নতি-আপগ্রেডেশনের দাবিতে বেরোবির তৃতীয় শ্রেণির কর্মচারীদের অবস্থান কর্মসূচি
দীর্ঘদিন ধরে পদোন্নতি ও আপগ্রেডেশন না পাওয়ার অভিযোগে অবস্থান কর্মসূচি শুরু করেছেন বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের
(বেরোবি) তৃতীয় শ্রেণির কর্মচার....



চাঁদাবাজির অভিযোগে ছাত্রদল সদস্য সচিবের সাফাই, অর্থ লেনদেনের কথা স্বীকার অভিযুক্ত কর্মীর
রাজধানীর সদরঘাটে গ্রিপ আওলাদ লঞ্জে কর্মীদের সঙ্গে জগন্নাথ বিশ্ববিদ্যালয় (জবি) ছাত্রদলের কয়েকজন কর্মীর বিরোধের পর
৪০ হাজার টাকা চাঁদা দাবি...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/campus/berobir-iii-bibhager-shiksharathi-mithuner-koriyay-gks-britti-labh>